



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION
BOARD

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.২৪.১২৩.২৪.৬৫৬

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা (বাংলা ও ইংরেজি)

প্রিয় মহোদয়,

জনস্বার্থে নিম্নের প্রেস বিজ্ঞপ্তিটি হুবহু শিরোনামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রেস বিজ্ঞপ্তি


“বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নতুন চেয়ারম্যান হলেন অজয় কুমার চক্রবর্তী”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব অজয় কুমার চক্রবর্তী-কে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের (বিআরইবি) চেয়ারম্যান পদে পদায়ন করা হয়।

০১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে জনাব অজয় কুমার চক্রবর্তী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে চেয়ারম্যান হিসেবে যোগদান করে ধানমন্ডি ৩২ নম্বর এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পরবর্তীতে জনাব অজয় কুমার চক্রবর্তী গোপালগঞ্জ জেলার টুঞ্জিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় বাপবিবোর্ডের সদস্য(প্রশাসন) জনাব মোঃ হাসান মারুফ ও গোপালগঞ্জ পবিসের জেনারেল ম্যানেজার জনাব মোঃ জুলফিকার রহমানসহ বাপবিবো ও পল্লী বিদ্যুৎ সমিতির অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জনাব অজয় কুমার চক্রবর্তী ১৫তম বিসিএস এর মাধ্যমে ১৯৯৫ সালে গণপূর্ত ক্যাডারে সহকারী প্রকৌশলী হিসেবে গণপূর্ত অধিদপ্তরে তার কর্মজীবন শুরু করেন। গণপূর্ত অধিদপ্তরে কাজ করার সময় তিনি খুলনা, বিপিএটিসি, কক্সবাজার, টাঙ্গাইল, রাজশাহী ও ঢাকায় দায়িত্ব পালন করেন। তিনি ২০১২ সালে উপ-সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। পরবর্তীতে ২০১৯ সালে যুগ্মসচিব পদে এবং ২০২৩ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।

সংযুক্তি: ক্যাপশনসহ ছবি ০১ কপি।


(মো: শাহ আলম)
উপ-পরিচালক(প্রশাসন)

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/বিভাগ প্রধান, বাপবিবো
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বাপবিবো'র ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস (প্রেস বিজ্ঞপ্তিটি পবিস এর ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা
- ০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন) বাপবিবো, ঢাকা